



সবার সেবা অ্যাম্বাসাডর

এই সময়: মারুতি, হুডাই, টয়োটা এসে গেলেও বিশ্বের সেবা ট্যাক্সি গাড়ি হিসেবে স্থান বজায় রাখল হিন্দুস্তান মোটরসের অ্যাম্বাসাডর। বিবিসি-র টপ গিয়ার অনুষ্ঠানে সকাইকে টেক্সা দিয়ে ট্যাক্সি গাড়ি হিসাবে প্রথম নির্বাচিত হয়েছে সি কে বিড়লার 'মজবুত গাড়ি' হিন্দুস্তান অ্যাম্বাসাডর। টপ গিয়ারের এগজিকিউটিভ ডিরেক্টর রিচার্ড হ্যামন্ড বলেছেন, বিশ্বের সব ট্যাক্সি গাড়িকে নিয়ে একটি 'শুটআউট' আয়োজিত হয়েছিল। সেই প্রতিযোগিতায় ব্রাজিল, জার্মানি, মেক্সিকো, রাশিয়ার গাড়িকে হারিয়ে গৌরব বজায় রেখেছে অ্যাম্বাসাডর গাড়ি। আয়োজকদের মতে, এই গাড়ি এত মজবুত ও এত সহনশীল যে সবারকম প্রতিকূলতা ছাপিয়ে গাড়িটি অক্ষুণ্ণ থাকে, সামান্য রক্ষণাবেক্ষণের পরই আবার স্বাভাবিক পরিষেবা দিতে পারে গাড়িটি।